



আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

www.ispr.gov.bd

সংবাদ বিজ্ঞপ্তি

নং ২৩.১৬.০০০০.০০৯.২৩.০০৩.২৩

তারিখ: ২১-০৮-২০২৩

সেনাবাহিনী প্রধানের কক্সবাজার এরিয়া পরিদর্শন

ঢাকা, ২১ আগস্ট ২০২৩ঃ সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ, এসবিপি (বার), ওএসপি, এনডিইউ, পিএসসি, পিএইচডি আজ সোমবার (২১-৮-২০২৩) ১০ পদাতিক ডিভিশন ও কক্সবাজার এরিয়া পরিদর্শন করেন। এসময় তিনি রামু সেনানিবাসের ইউনিটসমূহে চলমান বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন এবং প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন।

পরিদর্শনকালে সেনাবাহিনী প্রধান রামু সেনানিবাসে কর্মরত সেনাসদস্যদের উদ্দেশ্যে দরবার নেন। দরবারে তিনি দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার জন্য কঠোর প্রশিক্ষণের মাধ্যমে সदा প্রস্তুত থাকতে এবং যেকোন প্রাকৃতিক দুর্যোগকালে দেশের মানুষের পাশে থেকে কাজ করে যাওয়ার জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন।

এসময় জেনারেল অফিসার কমান্ডিং (জিওসি) ১০ পদাতিক ডিভিশন ও এরিয়া কমান্ডার কক্সবাজার এরিয়া ছাড়াও উর্ধ্বতন সেনাকর্মকর্তাগণ, জুনিয়র কমিশন্ড অফিসার ও অন্যান্য পদবির সৈনিকবৃন্দ এবং অসামরিক কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

রাশেদুল আলম খান

সহকারী পরিচালক

পক্ষে পরিচালক

মোবাঃ ০১৭৬৯০১৭১৯৮